

# অসময়ে শিম চাষে লাখপতি মোহেরপুরের কৃষক সামাদ

## ■ মোহেরপুরে হাতিনিধি

মোহেরপুর সদর উপজেলার সিংহাটি গ্রামের আব্দুস সামাদ অসময়ে শিম চাষ করে লাখপতি হয়েছেন। জানা গেছে, সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সিংহাটি গ্রামের রাসেল উদ্দিনের ছেলে আব্দুস সামাদ অনেক কষ্ট খেতে ১৪ কাঠা জমি লিজ নিয়ে গত আষাঢ় মাসে শিম লাগান। শিমের পূর্ণ সৌসুম ঠায় ৬০ হাজার টাকার শিম বিক্রি করেছেন। চৈত্র মাসে শিমের গাছ কেটে ফেলার কথা; কিন্তু তিনি শিম গাছ কেটে না ফেলে আবার ঐ গাছের যত্ন নিতে শুরু করেন। কিছুদিন পর গাছ নতুন করে ফুল আসতে শুরু করে এবং ঐটর পরিমাণ শিম ধরে।

কৃষক সামাদ জানান, অসময়ে শিম বিক্রি করতে পেরে নিজের যেমন ভালো লাগছে, তেমনি মোহেরপুর ও বুয়াভাঙ্গা জেলায় সবজির মাটাতি পূরণ হচ্ছে। তিনি বলেন, গাছের যে তরতাজা চেহারা তাতে মনে হচ্ছে সারা বছরই শিম বিক্রি করতে পারবে। তিনি জানান, ১৪ কাঠা জমিতে শিম চাষে খরচ হয়েছে ১৩ হাজার টাকা। এ পরন্তু তিনি শিম বিক্রি করেছেন ঠায় লাখ টাকার।



মোহেরপুর: নিজের শিম কেতে সফল কৃষক আব্দুস সামাদ